গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তালতলী, বরগুনা।
www.taltali.barguna.gov.bd

সভার নাম : তালতলী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতির নাম ও পদবী : জনাব সিফাত আনোয়ার তুমপা, উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা।

সভার তারিখ ও সময় : ০৬.০৩.২০২৪ খ্রিঃ, বেলা ০৩.০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা'র অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল ও শুভেচ্ছা বিনিময় করেন এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮ জানুয়ারি ২০২১ তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৭).১১-৩৬ নম্বর স্মারকে "উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত সংশোধিত পরিপত্র নিয়ে ব্যাপক আলোচনা করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার জনাব মোঃ মোসলেম আলী হাওলাদার সভায় জানান যে, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর আওতাধীন তালতলী সদর রোডে অবস্থিত মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের নামের চান্দিনা ভিটির দুইটি দোকান ঘরের সংস্কারপুর্বক ভাড়া প্রদান করা যেতে পারে। এছাড়া উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ভাড়া বৃদ্ধি, ব্যয় বন্টনের হার ও নির্দেশনা, কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আর্থিক অনুদান প্রদান, কমপ্লেক্স ভবনে অস্থায়ী ভিত্তিতে নিয়োগকৃত কর্মচারীর বেতন বৃদ্ধি, ভবনের মেরামত, বীর মুক্তিযোদ্ধাগণের বিশ্রামাগার এবং কমপ্লেক্স ভবনে একটি লাইব্রেরী স্থাপনসহ বিবিধ বিষয়ে বিভিন্ন আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | বীর মুক্তিযোদ্ধা আবু হানিফ সভায় জানান, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন বর্তমান বাজার দর বিবেচনায় অগ্রিম গ্রহণপূর্বক ভাড়া বৃদ্ধি করা যায়। বর্তমানে যে পক্ষ ভাড়ায় রয়েছে তারা যদি থাকতে চায় সেক্ষেত্রে তাদের সাথে আলোচনা সাপেক্ষে অগ্রিম গ্রহণকরত নতুন ভাড়া চুক্তিপত্র করা যায়। | যেহেতু জনাব মোঃ জাকির হোসেন দীর্ঘদিন যাবৎ উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১ম ও ২য় তলা ভাড়ার চুক্তিতে সেবামূলক প্রতিষ্ঠান ইসলামিয়া হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার স্থাপন করে ব্যবসা করে আসছেন এবং বর্তমান বাজার পরিস্থিতিতে উপজেলা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় ভাড়া বৃদ্ধি করাও প্রয়োজন বিধায় সভার উপস্থিত সকল সদস্যের সর্বসম্মতিক্রমে ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা এককালীন অগ্রিম ও মাসিক ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা হারে ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। যদি এই সিদ্ধান্ত বর্তমান ভাড়াটিয়া পক্ষ না মানে তাহলে ভাড়া নেয়ায় আগ্রহী অন্য পক্ষকে ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২. | বীর মুক্তিযোদ্ধা মোঃ মোসলেম আলী হাং সভায় উপস্থাপন করেন যে, তালতলী বাজারের সদর রোডে অবস্থিত মুক্তিযোদ্ধা কমপ্লেক্স অধীন ২টি দোকান অগ্রিম গ্রহণপূর্বক চুক্তির মাধ্যমে ভাড়ায় ব্যবসা করার জন্য আগ্রহী অনেকে আছে। তাই দোকান ঘর ২টি সংস্কার/মেরামত করা প্রয়োজন। মেরামত করে চুক্তির মাধ্যমে ঘর ভাড়া প্রদান করা যাবে। | ১। তালতলী বাজারের সদর রোডে অবস্থিত মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের ঘর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স তহবিরের অর্থ দ্বারা মেরামতপূর্বক আগ্রহী ব্যক্তিদের মধ্যে হতে চুক্তির ভিত্তিতে অগ্রিম গ্রহণকরত মাসিক ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স অধীন তালতলী সদর রোডের ঘর ২টি সংস্কার/মেরামত কাজ মনিটরিং ও বাস্তবায়নসহ জন্য একটি উপ কমিটি গঠন করা হয়:<br>১) উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা------------প্রধান উপদেষ্টা<br>২) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তালতলী, বরগুনা-----------উপদেষ্টা<br>৩) বীর মুক্তিযোদ্ধা মোসলেম আলী হাং-------------------------আহ্বায়ক<br>৪) বীর মুক্তিযোদ্ধা আঃ ছত্তার------------------------------------সদস্য<br>৫) বীর মুক্তিযোদ্ধা মোঃ আবু হানিফ--------------------------------সদস্য<br>৬) বীর মুক্তিযোদ্ধা ইউনুচ আলী বিশ্বাস----------------------------সদস্য | সংশ্লিষ্ট উপ-কমিটি |

(সিফাত আনোয়ার তুমপা)
পরিচিতি নং-২০৬৫৩
উপজেলা নির্বাহী অফিসার

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | ৭) বীর মুক্তিযোদ্ধা কেশব লাল------------------------------------সদস্য<br>৮) বীর মুক্তিযোদ্ধা আঃ ছত্তার ফরাজী--------------------------------সদস্য<br>৯) বীর মুক্তিযোদ্ধা মোঃ ইয়াছিন খান---------------------------------সদস্য<br>১০)বীর মুক্তিযোদ্ধা মোঃ মনিরুল ইসলাম--------------------- সদস্য সচিব<br>কমিটির কার্যপরিধিঃ<br>ক) উপরোক্ত কমিটি তালতলী বাজারের সংস্কারযোগ্য ঘরটির মেরামতের কাজ সার্বক্ষণিক মনিটরিংসহ প্রতি সপ্তাহে প্রতিবেদন আকারে উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা'কে অবহিত করবেন।<br>খ) কমিটি প্রতি মাসে এক বার সকল বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে সভা করবেন। | |
| ৩. | বীর মুক্তিযোদ্ধা মোঃ মনিরুল ইসলাম বলেন, তালতলী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে অস্থায়ীভাবে নিয়োজিত পরিচ্ছন্নতাকর্মী জনাব কেশব চন্দ্র শীল এর বেতন বর্তমান বাজা দরের উর্ধ্বগতির কথা বিবেচনা করে ৩০০০/- টাকা হতে ৫০০০/- করার প্রস্তাব করেন। | সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে তালতলী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে অস্থায়ীভাবে নিয়োজিত পরিচ্ছন্নতাকর্মী জনাব কেশব চন্দ্র শীল এর বেতন গত মাস অর্থাৎ ফেব্রুয়ারি/২০২৪ হতে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা হারে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ৪. | বীর মুক্তিযোদ্ধা আঃ ছত্তারসহ উপস্থিত সকল মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের অভ্যন্তরীণ ও বাহ্যিক সংস্কার/মেরামত, একটি কক্ষ বীর মুক্তিযোদ্ধাদের বিশ্রামাগার হিসাবে ব্যবহার ও একটি লাইব্রেরী স্থাপনসহ বিবিধ ব্য সংক্রান্ত বিভিন্ন আলোচনা করেন। | ১। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে যে সকল মেরামত/সংস্কার রয়েছে তার যথাযথ প্রাক্কলন প্রস্তুতপুর্বক সভাপতি বরাবরে দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তালতলী, বরগুনা'কে অনুরোধ করা হয়।<br>২। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১টি কক্ষ বীর মুক্তিযোদ্ধাদের বিশ্রামাগার হিসাবে ব্যবহার এবং বিশ্রামাগ প্রস্তুত করতে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স তহবিল হতে যাবতীয় আসবাবপত্র ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। এছাড়া বিভিন্ন দিবসসহ উপজেলা মুক্তিযোদ্ধ কমপ্লেক্সে বিভিন্ন সভায় আগত বীর মুক্তিযোদ্ধাদের আপ্যায়ন ও স্টেশনারী মালামাল ক্রয়ের ব্যয় কমপ্লেক্স তহবিল হতে মিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। ভবন/ঘরের অগ্রিম টাকা ও মাসিক ভাড়া উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ব্যাংক হিসাবে জমার মাধ্যমে আদায় করতে হবে এবং প্রতি মাসের জমা স্লিপ উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা বরাবরে দাখিল করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তালতলী, বরগুনা। |

সর্বশেষে সভাপতি বলেন, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন একটি সরকারি প্রতিষ্ঠান ও বীর মুক্তিযোদ্ধানের একটি সম্পদ। এর রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা সকলকে নিশ্চিত করতে হবে। পরিপত্রের ৪ (ক) অনুচ্ছেদে উল্লেখিত শর্তানুযায়ী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ভাড়া বাবদ উপার্জিত অর্থ ব্যয় করার বিষয়ে সকলকে অবহিত করত: সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Tumpa ০৫/০৩/২৪

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটি
তালতলী, বরগুনা।
ফোন: ০২৪৭৮৮৮৭৮০৫

স্মারক নং- ০৫.১০.০৪৯০.০০০.০০৩.০৪.১৭-৩৪৯ তারিখ : ০৬.০৩.২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

০২। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা), ৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক কাকরাইল, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, বরগুনা।

০৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তালতলী, বরগুনা।

০৫। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তালতলী, বরগুনা।

০৬। সাবেক কমান্ডার, তালতলী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, তালতলী, বরগুনা।

০৭। জনাব.................................................................................

০৮। অফিস কপি।

০৬/০৩/২৪

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটি
তালতলী, বরগুনা।
ফোন: ০২৪৭৮৮৮৭৮০৫